OBSERVATION SPECTACLE

The education city is Rajshahi, the city of peace is Rajshahi. There was of no type of institution by the name of Bangabandhu Sheikh Mujibur Rahman so as to uplift his memory and activities inspite of naming the educational institution or hostel after almost all savants, nursing maids of culture, politicians and social servers in Rajshahi; the city of education and peace. Taking forth this matter, the renowned educationists, politiciaans, social servers took the decision of founding a highly educational institution by the name of " Bangabandhu College, Rajshahi " in a meeting on 08/12/19994. A group of juvenile work-excited initiators including Professor Mr. Abdul Khalek, the teacher and writer of Bengali Department of Rajshahi University (Subsequently he took up the post of Vice Chancellor of Rajshahi University); Professor Mr. Abul Fazal, the teacher of Political Science Department of Rajshahi University (the former treasurer, Rajshahi University); Mr. Ziad Ali, the former Director of IBS of Rajshahi University; Professor Dr. Mr. Kayes Uddin, the teacher of Bio-Chemitry of Rajshahi University (Subsequently he carried out the responsibility of Vice Chancellor of Kustia University); the distnguished politician Advocate A.H.M. Khayruzzaman Liton (He is the Ex- Honourable Mayor of Rajshahi City Corporation); Advocate Nurul Islam Thhandu, the ex-V.P. of Rajshahi University (Now he is on duty as the Chairman of Varendro Development Authority); Mr. Afsaruzzaman, the former Chairman of Rajshahi Education Board; Ex-M.P. Mr. Shah Sirajul Islam; Mr. Belayet Ali, the former Principal of Rajshahi New Government Degree College; Politician Mr. Neser Ahmed; Mr. Shamsul Haque Korayeshi, the former College Inspector Rajshahi Education Board; is one of the involved or chief initiators with the process of establishing " Bangabandhu College Rajshahi ". The first steering committee of the college was formed making Mr. Shamsul Haque Korayeshi the chairman in the cited meeting and Mr. Abdur Razzak principal. In spite of taking the steps of admitting learners in 1994, it did not become possible by reason of manifold administrative complexities. Overcoming all the obstacles subsequently, the education programme of the college got under way in 1995 by way of the admission of the students in 1995-1996 education year. At present, Honourable Member of Parlament,53, Rajshahi-2, Fazle Hossain Badsha, is the chairman of the Governing Body and Mr. Md. Nurul Islam now as the Principal and Vice Principal Mr. Md. Kamruzzaman.

The college obtained academic recognitions in higher secondary level on 04/05/1997 and it was included in Degree Pass on 07/03/2000 and Degree Honours on 20/12/2016. It was enlisted in MPO in higher secondary level on 01/02/1998 and in Degree level on 01/04/2001. The institution Number of the college is 8603103202; EIIN : 126485, the Higher Secondary Board Code : 1156; The Degree Pass & Honours Code of National University : 2538;

website:www.bdcr.edu.bd and E-mail:bangabandhucollege.rajbd@yahoo.com & principalbcr@gmail.com ; info@bdcr.edu.bd

The site of the college is in a very pleasant environment at the middle part of three residential areas Padma, Chandrima and Mhananda under Boalia P.S. of Rajshahi district.The college possesses a three storeyed building and a half metalled building. The students of the college are increasing more and more and the results of the public examinations are overmuch good. the lessons are imparted to the students in a special process and cordial atmosphere. The contact is kept with the guardians all the while. The members of Governing Body, the teachers-employees, various educationists, politicians and gurdians are prosecuting efforts in all spheres in the overall development of the college.

প্রেক্ষাপট ঃ

শিক্ষা নগরী রাজশাহী, শান্তির নগরী রাজশাহী। শিক্ষা আর শান্তির নগরী রাজশাহীতে প্রায় সকল মনিষী, সংস্কৃতিসেবী, রাজনীতিবিদ, সমাজসেবীর নামে শিক্ষা প্রতিষ্ঠান বা ছাত্রাবাসের নামকরণ হলেও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি ও কর্মকান্ডকে সমুন্নত রাখতে তাঁর নামে কোন ধরনের প্রতিষ্ঠান ছিল না। এ বিষয়টিকে সামনে নিয়ে রাজশাহীর প্রথিতযশা শিক্ষাবিদ, রাজনীতিবিদ, সমাজসেবীগণ ০৮/১২/১৯৯৪ তারিখে এক সভায় ‘‘ বঙ্গবন্ধু কলেজ রাজশাহী ’’ নামে একটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গড়ার সিদ্ধান্ত নেন। ‘‘ বঙ্গবন্ধু কলেজ রাজশাহী ’’ স্থাপন প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত বা মূল উদ্দ্যোক্তাদের মধ্যে অন্যতম হলেন রাজশাহী বিশ্ববিধ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষক-লেখক জনাব প্রফেসর আব্দুল খালেক (পরবর্তীতে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইচ-চ্যান্সেলর পদ অলংকৃত করেন), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষক জনাব প্রফেসর আবুল ফজল (প্রাক্তন ট্রেজারার, রাজশাহী বিশ্ববিদ্যালয়), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইবিএস এর প্রাক্তন পরিচালক জনাব জিয়াদ আলী, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন বিভাগের শিক্ষক জনাব প্রফেসর ডঃ মু. কায়েস উদ্দীন (তিনি পরবর্তীতে কুষ্টিয়া বিশ্ববিদ্যালয়ের ভাইচ-চ্যান্সেলর এর দায়িত্ব পালন করেন), বিশিষ্ট রাজনীতিবিদ জনাব এ্যাডভোকেট এ.এইচ.এম.খায়রুজ্জামান লিটন (মাননীয় সাবেক মেয়র রাজশাহী সিটি কর্পোরেশনের), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিপি জনাব এ্যাডভোকেট নূরুল ইসলাম ঠান্ডু (বর্তমানে তিনি বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান হিসেবে কর্মরত), রাজশাহী শিক্ষা বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান মরহুম জনাব আফসারুজ্জামান, প্রাক্তন সংসদ সদস্য জনাব শাহ সিরাজুল ইসলাম, রাজশাহী নিউ গভঃ ডিগ্রী কলেজের সাবেক অধ্যক্ষ মরহুম জনাব বেলায়েত আলী, রাজনীতিবিদ জনাব নেসার আহমেদ, রাজশাহী শিক্ষা বোর্ডের প্রাক্তন কলেজ পরিদর্শক জনাব শামসুল হক কোরায়েশীসহ একদল তরুন কর্মোদ্দীপ্ত উদ্দোক্তা। উক্ত সভায় জনাব শামসুল হক কোরায়েশীকে সভাপতি ও জনাব মোঃ আব্দুর রাজ্জাককে অধ্যক্ষ করে কলেজটির প্রথম কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। ১৯৯৪ সনে শিক্ষার্থী ভর্তির প্রদক্ষেপ নিলেও নানান প্রশাসনিক জটিলতার কারণে তা সম্ভব হয়নি। পরবর্তীতে সকল বাঁধা অতিক্রম করে ১৯৯৫-৯৬ শিক্ষযডপাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির মাধ্যমে ১৯৯৫ সনে কলেজটির শিক্ষা কার্যক্রম শুরু হয়। বর্তমানে কলেজটির গভর্নিং বডির সভাপতি মাননীয় সংসদ সদস্য ৫৩, রাজশাহী-২(সদর) জনাব ফজলেহোসন বাদশা, সাধারণ সম্পাদক, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি ও সাবেক ভিপি, রাকসু এবং অধ্যক্ষ জনাব মোঃ নূরুল ইসলাম ও উপাধ্যক্ষ জনাব মোঃ কামরুজ্জামান।

কলেজটি উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি লাভ করে ০৪/০৫/১৯৯৭ তারিখে, ডিগ্রি অধিভুক্ত হয় ০৭/০৩/২০০০ তারিখে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে এমপিও ভুক্তি হয় ০১/০২/১৯৯৮ ও ডিগ্রি পর্যায়ে এমপিও ভুক্তি হয় ০১/০৪/২০০১ তারিখে। কলেজের Institution Number : 8603103202, EIIN : 126485, উচ্চ মাধ্যমিক বোর্ড কোড ঃ ১১৫৬, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতক পাস ও অনার্স কোড ঃ ২৫৩৮। **কলেজের** web site: www.bdcr.edu.bd **এবং** E-mail: bangabandhucollege.rajbd@yahoo.com & principalbcr@gmail.com ; info@bdcr.edu.bd

রাজশাহী জেলার বোয়ালিয়া থানার অন্তর্গত পদ্মা, চন্দ্রিমা ও মহানন্দা তিনটি আবাসিক এলাকার মাঝে অত্যন্ত মনোরম পরিবেশে কলেজের অবস্থান। কলেজে একটি তিন তলা বিল্ডিং ও একটি আধাপাকা বিল্ডিং রয়েছে। কলেজের ছাত্র-ছাত্রী উত্তোরত্তর বৃদ্ধি পাচ্ছে ও পাবলিক পরীক্ষার ফলাফল খুবই ভাল। বিশেষ পদ্ধতিতে ও আন্তরিক পরিবেশে ছাত্র-ছাত্রীদের পাঠদান করানো হয়। সার্বক্ষনিক অভিভাবকদের সাথে যোগাযোগ রক্ষা করা হয়। কলেজের সার্বিক উন্নয়নে গভর্নিং বডির সদস্যবৃন্দ, শিক্ষক-কর্মচারীবৃন্দ, বিভিন্ন শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও অভিভাবকবৃন্দ সর্বক্ষেত্রে চেষ্টা চালিয়ে যাচ্ছেন।